



# পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প

## উচ্চশিক্ষা দপ্তর

### প্রকল্পটি কী:

পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের স্বার্থে, তাঁদের শিক্ষাক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে স্বল্প সুদ অথচ দীর্ঘমেয়াদে পরিশোধযোগ্য সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত শিক্ষাঋণ প্রদান।

### কারা এই সুবিধা পাবে:

- ১। ভারতের নাগরিক এবং অন্ততপক্ষে ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাসকারী পরিবারভুক্ত শিক্ষার্থী।
  - ২। আবেদন করার সময় শিক্ষার্থীর বয়স অনধিক ৪০ বছর হতে হবে।
  - ৩। পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃত বোর্ড/সংসদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সরকারি/বেসরকারি বিদ্যালয়/মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পাঠরত শিক্ষার্থী।
  - ৪। দেশ/বিদেশের যে কোনও স্বীকৃত কলেজ/বিশ্ববিদ্যালয়/উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা কোর্স সহ স্নাতক/স্নাতকোত্তর/পেশাগত/ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে পাঠরত শিক্ষার্থী।
  - ৫। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং ইনস্টিটিউশনে প্রশিক্ষণরত শিক্ষার্থী।
- সব ক্ষেত্রেই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনকারীকে সহ-ঋণগ্রহীতাকে সাথে করে ক্যাম্পে আসার জন্য অনুরোধ করা হচ্ছে।

### কী কী নথি/তথ্য প্রয়োজন:

- ১। আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি/মাধ্যমিকের রেজিস্ট্রেশন নথির জেরক্স কপি।
- ২। আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ই-মেল আই ডি।
- ৩। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার (মা/বাবা/আইনি অভিভাবক) রঙিন ছবি।
- ৪। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার প্যান কার্ডের জেরক্স কপি। প্যান কার্ড না থাকলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকারপত্র।
- ৫। অভিভাবকের ঠিকানার প্রমাণপত্রের জেরক্স কপি ও মোবাইল ফোন নম্বর।
- ৬। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার ব্যাঙ্কের তথ্য: ব্যাঙ্কের নাম ও শাখা, অ্যাকাউন্ট নম্বর, আই এফ এস কোড ইত্যাদি সম্বলিত ঐ ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পাতার জেরক্স কপি।
- ৭। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার নমুনা স্বাক্ষর।
- ৮। শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স ফি সম্বলিত নথির জেরক্স কপি।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র/নথির জেরক্স কপি।

### বিশদে জানতে ও আবেদন করার জন্য:

www.wb.gov.in দেখুন বা <https://banglaruchchashiksha.wb.gov.in>-এর STUDENT CREDIT CARD ট্যাবে ক্লিক করুন বা <https://wbccc.wb.gov.in> দেখুন।

টোল ফ্রি নম্বর : ১৮০০১০২৮০১৪ অথবা

ই-মেল করুন [support-wbccc@bangla.gov.in](mailto:support-wbccc@bangla.gov.in) বা [contactwbccc@gmail.com](mailto:contactwbccc@gmail.com) -এ।